সারণী ১৫.৬ সংশোধনাগারগুলির বন্দীধারণ (মতা ও বন্দীসংখ্যা ৫৭০
সারণী ১৫.৭ সংশোধনাগারগুলিতে দৈনিক গড় বন্দীসংখ্যা (১৯৫৬-৬০) ৫৭০

ষোড়শ অধ্যায় ঃ ভূমি ও ভূমিসংস্কার

সারণী ১৬.১ কৃষিজমির স্বত্ব (১৯২৪-৩২) ৫৮১
সারণী ১৬.২ জেলায় মধ্যস্বত্বজোতের ত্রে(তাদের অনুপাত (১৯৩০-৩৫) ৫৮১
সারণী ১৬.৩ স্বত্বাধিকারী রায়তদের জমির অনুপাত (১৯৪০-৫০) ৫৮২
সারণী ১৬.৪ কৃষিজীবি রায়ত, ভাগচাষী ও ((তমজুরের অনুপাত (শতকরা) ৫৮২
সারণী ১৬.৫ (১৯৪৫-৫০ পর্যন্ত) ৫৮২
সারণী ১৬.৬ ভূমিসংস্কারের আইন ১৯৫৫ তে সরকারে ন্যস্ত জমির পরিমাণ ৫৮৬
সারণী ১৬.৭ বিলিকৃত জমি ও পাট্টা প্রাপক ৫৮৭
সারণী ১৬.৮ নথিভুক্ত(বর্গাদার, জমির পরিমাণ ৫৮৭
সারণী ১৬.৯ স্বত্বলিপি সংশোধনী কাজের অগ্রগতি ৫৮৮

সপ্তদশ অধ্যায় ঃ স্বায়ত্তশাসন

সারণী ১৭.১ আঞ্চলিক পরিষদগুলির আয় ও ব্যয় ৫৯৩
সারণী ১৭.২ অঞ্চল পঞ্চায়েতগুলির আয় ও ব্যয় ৫৯৪
সারণী ১৭.৩ পঞ্চায়েতগুলির আয় ও ব্যয়, ১৯৬৮-৬৯ ৫৯৪
সারণী ১৭.৪ পঞ্চায়েত প্রতিষ্ঠানের সংখ্যা এবং ব্যয়, ১৯৭৩-৭৪ ৫৯৫

সারণী ১৭.৫ দল ও নির্বাচিত সদস্য সংখ্যা ৫৯৬
সারণী ১৭.৬ গ্রাম পঞ্চায়েত প্রতি গড় বাৎসরিক অনুদান ও গড় আয় ৫৯৭
সারণী ১৭.৭ পঞ্চায়েত সমিতির প্রাপ্ত গন বাৎসরিক অনুদান ও নিজস্ব আয় ৫৯৮
সারণী ১৭.৮ মুর্শিদাবাদ জেলার ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের বিস্তৃত ফলাফল, ১৯৮৮ ৬০০
সারণী ১৭.৯ মুর্শিদাবাদ জেলার ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের বিস্তৃত ফলাফল, ১৯৯৩ ৬০১
সারণী ১৭.১০ মুর্শিদাবাদ জেলার ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের বিস্তৃত ফলাফল, ১৯৯৮ ৬০২
সারণী ১৭.১১ মুর্শিদাবাদ জেলার ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের বিস্তৃত ফলাফল, ২০০৩ ৬০৩
সারণী ১৭.১২ পঞ্চায়েত নির্বাচনের ফলাফল, মুর্শিদাবাদ জেলা ঃ ১৯৮৩ ও ১৯৮৮ ৬০৪
সারণী ১৭.১৩ পঞ্চায়েত নির্বাচনের ফলাফল, মুর্শিদাবাদ জেলা ঃ ১৯৮৮ ও ১৯৯৩ ৬০৪
সারণী ১৭.১৪ পঞ্চায়েত নির্বাচনের ফলাফল, মুর্শিদাবাদ জেলা ঃ ১৯৯৩ ও ১৯৯৮ ৬০৫
সারণী ১৭.১৫ পঞ্চায়েত নির্বাচনের ফলাফল, মুর্শিদাবাদ জেলা ঃ ১৯৯৮ ও ২০০৩ ৬০৫
সারণী ১৭.১৬ বিভিন্ন পৌরসভার করদাতার সংখ্যা ৬০৮
সারণী ১৭.১৭ বিভিন্ন পৌরসভার সদস্য সংখ্যা ৬০৮
সারণী ১৭.১৮ পুর নির্বাচনের ফলাফল ৬০৮
সারণী ১৭.১৯ পৌরসভার জনসংখ্যা, আয়তন, ঘনত্ব এবং জনসংখ্যা পরিবর্তন ৬০৯
সারণী ১৭.২০ তপসিলী ও তপসিলী উপজাতি জনসংখ্যা, ১৯৯১ ৬০৯
সারণী ১৭.২১ পৌরসভার অন্তর্ভুক্ত(পথের দৈর্ঘ্য (কিলোমিটার), ১৯৯২-৯৩ ৬০৯
সারণী ১৭.২২ পৌরসভার পথের দৈর্ঘ্য, (কিলোমিটার) ১৯৯৯-২০০০ ৬১০
সারণী ১৭.২৩ নিকাশি নালার দৈর্ঘ্য, (কিলোমিটার), ১৯৯২-৯৩ ৬১০
সারণী ১৭.২৪ সাধারণ হস্তচালিত নলকূপের সংখ্যা ৬১০
সারণী ১৭.২৫ পৌরসভার আয় ও ব্যয় (কোটি টাকা) ৬১০
সারণী ১৭.২৬ পৌরসভাগুলির কর্মীবিন্যাস, ১৯৮৯-৯০ ৬১০
সারণী ১৭.২৭ পৌরসভার কর আদায় (হাজার টাকায়) ৬১১

অষ্টাদশ অধ্যায় ঃ নির্বাচন ও রাজনৈতিক প্রতিনিধিত্ব

সারণী ১৮.১ ১৯৫২ সালের পশ্চিমবঙ্গের বিধানসভার প্রথম সাধারণ নির্বাচন - মুর্শিদাবাদ জেলা ৬১৪
সারণী ১৮.২ ১৯৫৭ সালের পশ্চিমবঙ্গের বিধানসভার দ্বিতীয় সাধারণ নির্বাচন - মুর্শিদাবাদ জেলা ৬১৫
সারণী ১৮.৩ ১৯৬২ সালের পশ্চিমবঙ্গের বিধানসভার তৃতীয় সাধারণ নির্বাচন - মুর্শিদাবাদ জেলা ৬১৬
সারণী ১৮.৪ ১৯৬৭ সালের পশ্চিমবঙ্গের বিধানসভার চতুর্থ সাধারণ নির্বাচন - মুর্শিদাবাদ জেলা ৬১৭
সারণী ১৮.৫ বিধানসভা নির্বাচন, ১৯৬৯, ৭১, ৭২ ৬২০
সারণী ১৮.৬ বিধানসভা নির্বাচন, ১৯৭৭, ৮২, ৮৭ ৬২১
সারণী ১৮.৭ বিধানসভা নির্বাচন, ১৯৯১, ৯৬, ২০০১ ৬২২
সারণী ১৮.৮ লোকসভার নির্বাচন, ১৯৫২, ৫৭ ঃ মুর্শিদাবাদ জেলার নির্বাচন (ে ত্র ৬২৩
সারণী ১৮.৯ লোকসভার নির্বাচন, ১৯৫২, ৫৭ ঃ মুর্শিদাবাদ জেলা ৬২৩
সারণী ১৮.১০ লোক সভার নির্বাচন, ১৯৬২ ঃ মুর্শিদাবাদ জেলা ৬২৩
সারণী ১৮.১১ (ক) লোকসভা নির্বাচন-১৯৬৭ ও ১৯৭১ ৬২৪
সারণী ১৮.১১ (খ) মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্র নির্বাচনের চিত্র ১৯৬৭-১৯৯৯ ৬২৪
সারণী ১৮.১১ (গ) জঙ্গীপুর লোকসভা কেন্দ্র নির্বাচনের চিত্র ১৯৬৭-১৯৯৯ ৬২৪
সারণী ১৮.১১ (ঘ) বহরমপুর লোকসভা কেন্দ্র নির্বাচনের চিত্র ১৯৬৭-১৯৯৯ ৬২৪
সারণী ১৮.১২ জেলার লোকসভা নির্বাচন (ে ত্রের বর্তমান এলাকা ৬২৪

সংযোজন

জেলার মৌজা ভিত্তিক লিচু বাগিচা
জেলা সম্পর্কিত কিছু অতিরিক্ত(তথ্য

আলোকচিত্র

কিরীটেশ্বরী মন্দির ❑ সোমেশ্বর ও সর্বমঙ্গলার মন্দির - জজান ❑ শেরপুর মসজিদ ❑ বৌদ্ধ দেবী হারিতী (৮ম-১০ম শতাব্দী) ঃ মহীপাল ❑ প্রজ্ঞাপারমিতা (৮ম-১০ম শতাব্দী)ঃ মহীপাল ❑ পাদপীঠ উৎকীর্ণ ব্রাহ্মীলিপি (৬ষ্ঠ - ৭ম শতাবাদী) ঃ মহীপাল ❑ মহিষমর্দিনী বিগ্রহ - কিরীটেশ্বরী ❑ মদনেশ্বর মন্দিরে রক্ষিত বুদ্ধমূর্তি ❑ হয়গ্রীব মূর্তি ঃ বড়নগর ❑ দশভূজা বারহী মূর্তি ❑ পঞ্চায়তন মন্দির - পাঁচথুপি ❑ নবরত্ন মন্দির - দয়ানগর ❑ খাগড়ার কাঁসা শিল্পে কর্মরত কারিগরেরা ❑ হাতে বোনা বালুচরী শাড়ী ❑ মুর্শিদাবাদের লোকনৃত্য 'রাইবেঁশে' ❑ পটশিল্পে রামায়ণের কাহিনী - মুর্শিদাবাদের লোকশিল্প ❑ চারবাংলা মন্দির - বড়নগর ❑ গঙ্গেশ্বের মন্দিরের সম্মুখ কক্ষ, ❑ ভগ্ন মাটির মন্দিরের সম্মুখভাগের কারুকার্য ❑ জগদ্বন্ধু ধাম - ডাহাপাড়া ❑ ভবানীশ্বের মন্দির - বড়নগর ❑ পাঠান যুগের টেরাকোটা অলঙ্কৃত মসজিদ-খেজুর ❑ আদিনাথের মন্দির - কাঠগোলা ❑ জাহানকোষা কামান-তোপখানা, মুর্শিদাবাদ ❑ আর্মেণীয় গির্জা - সৈদাবাদ ❑ ওলন্দাজ সমাধিক্ষেত্র-কালিকাপুর ❑ হাজারদুয়ারী - মুর্শিদাবাদ ❑ চক্ মসজিদ - মুর্শিদাবাদ ❑ ইমামবাড়া - মুর্শিদাবাদ ❑ রবীন্দ্রসদন - বহরমপুর ❑ কৃষ্ণনাথ কলেজ স্কুল - বহরমপুর ❑ প্রশাসনিক ভবন - বহরমপুর ❑ সোনাজেন্দি বনওয়ারীবাদ রাজবাড়ি ❑ সমাধি ক্ষেত্র-খোশবাগ ❑ কাটরা মসজিদ
(৬৬৭-৬৭৮)

মানচিত্র সূচী

জেলার সাধারণ মানচিত্র ❑ অবিভক্ত মহকুমাভিত্তিক মৃত্তিকা মানচিত্র, সদর (১৬ ক), জঙ্গীপুর (১৬ খ), লালবাগ (১৬ গ), কান্দী (১৬ ঘ) ❑ জেলার নদ নদী ও বিল (২৪ ক) ❑ পাগলা ও বাঁশলোইএর অনিয়ন্ত্রিত অববাহিকা (৫৯) ❑ রঘুনাথগঞ্জ শহর ঘিরে নদী প্রণালী (৬০) ❑ জেলার ভূপ্রাকৃতিক বিভাজন (৬৪ ক) ❑ বহরমপুর শহরের নিকাশি ব্যবস্থা (৬৪ খ) ❑ বিভিন্ন নদী অববাহিকা (৬৪ গ) ❑ বন্যা ২০০০, প্লাবিত এলাকা (৬৪ গ) ❑ বন্যা ২০০০ উপগ্রহ চিত্র (৬৪ ঘ) ❑ ময়ূরাক্ষী নদী উপত্যকা পরিকল্পনার রেখাচিত্র (২৮৭) ❑ ভ্যান ডেন ব্রুকের মানচিত্র (৩৯৪) ❑ জেলার শিল্প মানচিত্র (৬৭৬) ❑ রেনেলের কাশিমবাজার দ্বীপের মানচিত্র (৬৭৭) ❑ জেলার প্রাচীন জনপদ (৬৭৮)

আলোকচিত্র ❑ দেবাশিস সাহা (পাপু), উৎপল দাস, বেনু
ছবি দিয়ে সাহায্য করেছেন ❑ বিজয় কুমার বন্দ্যোপাধ্যায়, পুলকেন্দু সিংহ, বিশ্বেন্দু বাগচী, শ্যামল দাস
উপগ্রহ চিত্র ❑ ডঃ গ্রাহাম চ্যাপম্যান, ভূবিদ্যা বিভাগ, ল্যাঙ্কাস্টার বিশ্ববিদ্যালয়
মানচিত্র ❑ ধরিত্রী কুমার রায়চৌধুরী, সলিল দাস, শশীভূষণ চট্টোপাধ্যায় এণ্ড সন্স্

যাঁদের লেখায় সমৃদ্ধ

প্রথম অধ্যায় ঃ সাধারণ পরিচয়

সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	সাধারণ পরিচয়

দ্বিতীয় অধ্যায় ঃ ভূমি ও প্রকৃতি

অলোক পাল	ঃ	ভূপ্রাকৃতিক পরিচয়, ভূ-তাত্ত্বিক ইতিহাস, ভূমি(য়ের এলাকা ও কারণ, পলি সঞ্চয়
সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	মৃত্তিকা, জলনির্গমন পথ, আবহাওয়া, দুর্ভি(
শ্যামল দাস	ঃ	বিল ও জলাভূমি, বন্যা
প্রকাশ দাস বি(াস	ঃ	উদ্ভিদ ও বনসম্পদ, প্রাণী জগৎ, ঝড়, ভূমিকম্প
তপন রায়	ঃ	বন্যা ২০০০

তৃতীয় অধ্যায় ঃ ইতিহাস

বিজয়কুমার বন্দ্যোপাধ্যায়	ঃ	১৭০৪ সাল পর্যন্ত
শ্যামল দাস	ঃ	১৭০৪ - ১৭৬৫
খায়(ল আনম	ঃ	১৭৬৫ - ১৯১৯
বিষাণ কুমার গুপ্ত	ঃ	১৯২০ - ১৯৪৭

চতুর্থ অধ্যায় ঃ জনসংখ্যা ও জনবিন্যাস

সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	জনসংখ্যা, জনসংখ্যা ঃ গ্রাম ও শহর, প্রব্রজন, বিবাহ ও পরিবার
কিশোরকুমার রায়চৌধুরী	ঃ	লিঙ্গ অনুপাত, জনসংখ্যার ঘনত্ব, নগরায়ণ
হরিলাল দাস	ঃ	ধর্মীয় সম্প্রদায়, বর্ণ ও জাতি
শক্তি(নাথ ঝা	ঃ	লোকভাষা

পঞ্চম অধ্যায় ঃ অর্থনৈতিক জীবন

সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	কর্মী জনসংখ্যা ও জীবিকার ধরণ, জীবিকার ধরণ ও প্রবণতা, জেলার আভ্যন্তরীণ উৎপাদন, মানব উন্নয়ন সূচক
মিতালী বন্দ্যোপাধ্যায়	ঃ	স্বনিযুক্তি(প্রকল্পে মহিলাদের কর্মসংস্থান
কিশোরকুমার রায়চৌধুরী	ঃ	শিশু শ্রমিক ঃ একটি অঞ্চল ভিত্তিক সমী(া

ষষ্ঠ অধ্যায় ঃ কৃষি ও সেচ

নীলাঞ্জন শাণ্ডিল্য	ঃ	ভূমি সদ্ব্যবহার ঃ ঐতিহাসিক পটভূমি
দিলীপ দাস	ঃ	কৃষি দপ্তরের বিভিন্ন প্রকল্প
সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	সেচ

সপ্তম অধ্যায় ঃ মৎস্যচাষ, প্রাণী সম্পদ

প্রকাশ দাস বি(াস	ঃ	মৎস্যচাষ, প্রাণী সম্পদ

অষ্টম অধ্যায় ঃ শিল্প

প্রকাশ দাস বি(াস	ঃ	পটভূমিকা, কম্বল শিল্প, পাটজাত শিল্প, অলঙ্কার শিল্প, শঙ্খ শিল্প, দা(শিল্প, মৃৎ শিল্প, হস্তিদন্ত শিল্প, মিষ্টান্ন শিল্প, বিড়ি শিল্প, বাঁশ ও বেতের কাজ ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্র,
রামপ্রসাদ পাল	ঃ	রেশম, বয়নশি ও খাদি শিল্প, খাদি ও মসলিন
বি(েন্দু বাগচী	ঃ	বালুচরী, বালাপোষ
সুজাতা দে	ঃ	কাঁসা, পেতল, শোলা শিল্প

নবম অধ্যায় ঃ সঞ্চয়, ঋণ ও বাণিজ্য

নিরঞ্জন সরকার ও অনি(দ্ধ দাস	ঃ	পটভূমিকা
সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	বাণিজ্যিক ব্যঙ্ক
প্রকাশ দাস বি(াস	ঃ	সমবায়
জয়ন্ত কুমার ঘোষাল	ঃ	মেলা

দশম অধ্যায় ঃ পরিবহণ ও যোগাযোগ

প্রকাশ দাস বি(াস	ঃ	পরিবহণ ও যোগাযোগ

একাদশ অধ্যায় ঃ শি(া

বিজয় কুমার বন্দ্যোপাধ্যায় ও সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	পটভূমিকা

নিমাই চন্দ্র চন্দ	ঃ	সা(রতা
বিষাণ কুমার গুপ্ত	ঃ	উচ্চশি(া ঃ কলেজ
গৌতম বন্দ্যোপাধ্যায়	ঃ	কারিগরী ও পেশাদারী শি(া
সাবিত্রী প্রসাদ গুপ্ত	ঃ	গ্রন্থাগার
বিজয় কুমার বন্দ্যোপাধ্যায়	ঃ	সংগ্রহশালা

দ্বাদশ অধ্যায় ঃ সাহিত্য ও সংস্কৃতি

জয়ন্ত কুমার ঘোষাল	ঃ	সাহিত্যচর্চা
প্রকাশ দাস বিশ্বাস	ঃ	পত্রপত্রিকা
অনিল কুমার দত্ত	ঃ	নাট্যচর্চা
রমাপ্রসাদ ভাস্কর	ঃ	উচ্চাঙ্গ সঙ্গীত
সুধীন সেন	ঃ	গণসঙ্গীত
বিজয় কুমার বন্দ্যোপাধ্যায়	ঃ	ভাস্কর্য ও শিল্পকলা
রবীন্দ্র মজুমদার	ঃ	মুর্শিদাবাদ কলম
পুলকেন্দু সিংহ	ঃ	লোকসংস্কৃতি

ত্রয়োদশ অধ্যায় ঃ জনস্বাস্থ্য

নীলাঞ্জন শাণ্ডিল্য	ঃ	ঐতিহাসিক পটভূমি
প্রকাশ দাস বিশ্বাস ও সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	অবশিষ্ট অংশ

চতুর্দশ অধ্যায় ঃ সাধারণ প্রশাসন

নু(ল আলম ও সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	সাধারণ প্রশাসন

পঞ্চদশ অধ্যায় ঃ বিচার ব্যবস্থা, পুলিশ প্রশাসন ও সংশোধনাগার

সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	বিচার ব্যবস্থা, পুলিস প্রশাসন
প্রকাশ দাস বিশ্বাস	ঃ	সংশোধনাগার

ষোড়শ অধ্যায় ঃ ভূমি ও ভূমিসংস্কার

কৃষ(পদ শাণ্ডিল্য	ঃ	পটভূমিকা, ভুমিসংস্কার,
কেশব কুমার বাগচী	ঃ	জরিপ ও প্রশাসনিক কাঠামো,ভূমিসংস্কারের কাজে মুর্শিদাবাদ

সপ্তদশ অধ্যায় ঃ স্থানীয় স্বায়ত্তশাসন

মনমোহন ঘোষ	ঃ	গ্রামীণ স্বায়ত্ত শাসন
সৌমিত্র শংকর সেনগুপ্ত	ঃ	পৌর প্রশাসন

অষ্টাদশ অধ্যায় ঃ নির্বাচন ও রাজনৈতিক প্রতিনিধিত্ব

প্রমথেশ মুখোপাধ্যায় ও সৌমিত্রশংকর সেনগুপ্ত	ঃ	নির্বাচন ও রাজনৈতিক প্রতিনিধিত্ব

ঊনবিংশ অধ্যায় ঃ স্বেচ্ছাসেবী সংগঠন

প্রকাশ দাস বিশ্বাস	ঃ	স্বেচ্ছাসেবী সংগঠন

বিংশ অধ্যায় ঃ উল্লেখযোগ্য স্থানসমূহ

লক্ষ্মীনারায়ণ সেন	ঃ	অমরকুন্ড, শক্তি(পুর, গোকর্ণ, মাণিক্যহার।
বিজয় কুমার বন্দ্যোপাধ্যায়	ঃ	আজিমগঞ্জ, জঙ্গীপুর,চোঁয়া, ভগবানগোলা,ভট্টবাটী, কান্দী, বনওয়ারীবাদ, রাঙামাটি, হিলোরা,ফরাক্কা,গোবরহাটি, চরকা,খে(র,যুগধেরা,হা(য়া
মলয় মিশ্র	ঃ	জেমো,বাইচন্ডিতলা,জজান, বাগডাঙ্গা, রূপপুর,পাঁচথুপি।
সনৎ গোস্বামী	ঃ	কালিকাপুর, কাশিমবাজার, চুনাখালি
সাবিত্রীপ্রসাদ গুপ্ত	ঃ	কালীতলা দিয়ার
রামপ্রসাদ পাল	ঃ	মুর্শিদাবাদ, নগর, বড়নগর, কিরীটেশ্বরী, খোসবাগ, জিয়াগঞ্জ
সাধন কুমার র(ত	ঃ	গিয়াসাবাদ, চন্দনবাটী, সাগরদীঘি, সেখের দীঘি।
অপরেশ চট্টোপাধ্যায়	ঃ	কাগ্রাম, ভরতপুর, সালার।
নন্দ কুমার চৌধুরী	ঃ	চক্ ইসলামপুর।
হরিনারায়ণ মণ্ডল	ঃ	বেলডাঙ্গা।
মৃণাল রায়	ঃ	বহরমপুর।
কিষেণচাঁদ ভকত	ঃ	লালগোলা।
প্রকাশ দাস বিশ্বাস	ঃ	ডোমকল

মুখবন্ধ

ইতিহাস চর্চা সময়, অঞ্চল ও সমাজের মধ্যে যোগসূত্র স্থাপন করে। বিশেষ একটি সময়ে কোন একটি অঞ্চলের জনসমাজের আকর সূত্র চয়ন করে ইতিহাস গ্রন্থে তা বিন্যস্ত করা হয়। সবচেয়ে বড় কথা হল বিভিন্ন কালপর্বে বিবর্তনের ধারাগুলির সমাবেশ ঘটে ইতিহাস - এর আখ্যানে। প্রখ্যাত ফরাসী ঐতিহাসিক ব্রোদেল অবশ্য কালস্রোতের তিনটি রূপ চিহ্নিত করেছেন। এ গুলি হ'ল স্বল্প দৈর্ঘ্যের কাল, মাঝারি মাপের কালপর্ব (Conjoncture) আর দীর্ঘতম কাল। গেজেটিয়ার রচনার আঙ্গিক অবশ্য ইতিহাস চর্চার প্রতিরূপ নয়। তথ্য ও সংখ্যাতত্ত্বের আধারে একটি জেলার ভূপ্রকৃতি, সমাজ, অর্থনীতি, শিক্ষা সংস্কৃতি, রাজনীতি সব কিছুর পসরা সাজিয়ে একটি জেলার সার্বিক চিত্রকল্প ফুটিয়ে তোলা হ'ল গেজেটিয়ার রচনার মূল উদ্দেশ্য। নির্ভরযোগ্য তথ্য পরিবেশন করে ব্রিটিশ প্রশাসক মহল গেজেটিয়ারকে প্রশাসনিক গাইড বুক হিসেবে ব্যবহার করতে চেয়েছিলেন। পেশাদারী ও প্রশাসনিক সুবিধার কথা মাথায় রেখেই ব্রিটিশ কর্তৃপক্ষ কেন্দ্রীয় ও প্রান্তিক এই দুই বলয়ে ভাগ করে ইম্পিরিয়াল ও ডিস্ট্রিক্ট গেজেটিয়ারস্ রচনার পরিকল্পনা গ্রহণ করেছিলেন। আজকাল যেমন তথ্য প্রযুক্তির মাধ্যমে প্রশাসন পরিচালনার কাজ সম্পন্ন করার প্রয়াস দেখা যায় অনুরূপ ভাবে ব্রিটিশ আমলে ভারতের সমস্ত প্রান্তের জেলাগুলিকে পরিচালনার দূরূহ দায়িত্ব পালনের সহায়ক অভিধান ছিল জেলা গেজেটিয়ারস্। প্রসঙ্গত বলা যায় আনুষ্ঠানিক ভাবে 'Statistical Accounts' (পরিসংখ্যান সূচী) ও গেজেটিয়ারস্ রচনার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয় ১৮৭১এর সেপ্টেম্বরে। অবশ্য ইতিপূর্বেই ১৮৬৬ খ্রিষ্টাব্দে রিচার্ড টেম্পল সেন্ট্রাল প্রদেশে জেলা ভিত্তিক গেজেটিয়ার লেখার সূচনা করেছিলেন। সর্বভারতীয় ভিত্তিতে একই ধরণের মডেল গৃহীত হয় এবং জেলাভিত্তিক প্রশাসকগণ গেজেটিয়ারস্ রচনায় মুখ্য ভূমিকা নিতেন।

এবার মুর্শিদাবাদ জেলার ডিষ্ট্রিক্ট গেজেটিয়ারস্ প্রকাশনের দিকে আলোকপাত করা প্রয়োজন। প্রাক্-স্বাধীনতা কালপর্বে ওম্যালি (১৯১৪ খ্রীষ্টাব্দ) এবং স্বাধীনতা-উত্তর কালে পশ্চিমবঙ্গ জেলা গেজেটিয়ারস্ ১৯৭৯ খ্রীষ্টাব্দে মুর্শিদাবাদ জেলার গেজেটিয়ার প্রকাশ করেছেন। আলোচ্য প্রকাশনা সেই দিক থেকে তৃতীয় পদক্ষেপ। এবার যে গেজেটিয়ার প্রকাশিত হচ্ছে তা দুদিক থেকে ভিন্ন মাত্রা সংযোজন করেছে। প্রথমত, এই প্রথম জেলা গেজেটিয়ারস্ বাংলা ভাষায় রচনা করার উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে গেজেটিয়ারস্ আর মুষ্ঠিমেয় শিক্ষিত মহল ও প্রশাসনিক গোষ্ঠীর মধ্যে সীমাবদ্ধ থাকবে না । এক একটি জেলার অগণিত মানুষ তাঁদের জেলার চালচিত্র সম্পর্কে আনুপুঙ্খিক তথ্য সমৃদ্ধ বৃত্তান্ত জানতে পারবেন। শুধুমাত্র প্রশাসকদের কাছে অজানা অচেনা অঞ্চলের শাসনের জন্য তথ্য সম্ভার না সাজিয়ে মানুষের কাছে তাদের চেনা পরিবেশ ও সমাজকে তুলে ধরার সুযোগ মিলল। মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার এই দিক থেকে পথিকৃৎ । দ্বিতীয়ত, এখন বিকেন্দ্রীকরণের যুগ। বছর কয়েক আগে পশ্চিমবঙ্গ জেলা গেজেটিয়ারস্ এর উপদেষ্টামণ্ডলী বাংলা ভাষায় গেজেটিয়ারস্ রচনার দায়িত্ব জেলা কর্তৃপক্ষের হাতে ন্যস্ত করার সিদ্ধান্ত নেন। মুর্শিদাবাদ জেলা প্রশাসন এই গুরুদায়িত্ব সম্পন্ন করেন ২০০১ সালে। তারপর প্রতীক্ষা । কি ভাবে প্রকাশনা করা হবে সে বিষয়ে অস্পষ্টতা ছিল। নাম হবে জেলা গেজেটিয়ার, অথচ পশ্চিমবঙ্গ রাজ্য জেলা গেজেটিয়ারস্কে বাদ দিয়ে গেজেটিয়ারস্ প্রকাশ আনুষ্ঠানিকভাবে সঙ্গত নয়। কিন্তু আর্থিক কারণে রাজ্য জেলা গেজেটিয়ারস্ এই দায়িত্ব পালনে কুণ্ঠিত হয়। অচলাবস্থা নিরসনে এগিয়ে এলেন জেলা কর্তৃপক্ষ । জেলা শাসক শ্রী মনোজ পন্থ, আই. এ. এস. প্রস্তাব দিলেন রাজ্য জেলা গেজেটিয়ারস্ আর জেলা কর্তৃপক্ষ যৌথ উদ্যোগে প্রকাশনার কাজ সম্পন্ন করবে। দুই সরকারি স্তরের মধ্যে সহমতের ভিত্তিতে যৌথ উদ্যোগের ফসল মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার।

মুর্শিদাবাদ নামকরণের ত্রি-শতবর্ষ পূর্তি উৎসব আসন্নপ্রায়। এই উপল(্যে পশ্চিমবঙ্গ সরকারের উচ্চ শি(া দপ্তরের পরিচালনাধীন পশ্চিমবঙ্গ স্টেট গেজেটিয়ারস্ বাংলা ভাষায় মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার প্রকাশ করার সুযোগ পেয়ে আনন্দিত। মাননীয় উচ্চ শি(ামন্ত্রী অধ্যাপক সত্যসাধন চক্র(বর্তীর অনুপ্রেরণায় এই উদ্যোগের বাস্তবায়ন সম্ভব হয়েছে। উচ্চ শি(া বিভাগের প্রধান সচিব শ্রী জহর সরকার, আই.এ.এস. শুধুই প্রশাসক নন, ইতিহাস, ও সংস্কৃতির প্রতি তাঁর গভীর অনুরাগ আমাদের উৎসাহ জুগিয়েছে। এছারা পশ্চিমবঙ্গ জেলা গেজেটিয়ারস্ উপদেষ্টা কমিটির সভাপতি প্রখ্যাত ঐতিহাসিক অধ্যাপক বিনয়ভূষণ চৌধুরীকে শ্রদ্ধাবনত অভিবাদন জানাই। জেলা শাসক মনোজ পন্ত, আই.এ.এস. - এর কর্মোদ্যোগ, গতিশীল নেতৃত্ব না থাকলে গেজেটিয়ার রচনা, তার মুদ্রণ সম্ভব হ'ত না। শ্রী সৌমিত্র শঙ্কর সেনগুপ্ত, ডব্লিউ. বি.সি.এস (এক্সি) - এর অপরিসীম দ(তা ও পেশাদারী উৎকর্ষ সত্যই প্রশংসনীয়। জেলা গেজেটিয়ার রচনার জন্য জেলাস্তরে গঠিত উপদেষ্টামণ্ডলীর সদস্যদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। রাজ্য গেজেটিয়ারস - এর সহকর্মীদের সহযোগিতা অকুণ্ঠ চিত্তে স্মরণ করছি। দ্রুত প্রকাশনার কাজ সম্পন্ন হওয়ার জন্য ভুল ভ্রান্তি থেকে যেতে পারে - এর জন্য মার্জনা চাইছি। তবে বাংলায় গেজেটিয়ার প্রকাশের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ হওয়ায় সন্তোষ প্রকাশ করছি। পেশাদারী গেজেটিয়ারের দৃষ্টিভঙ্গির সঙ্গে সামাজিক দায়বদ্ধতার যোগসূত্র ঘটিয়ে প্রকাশিত হ'ল মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার।

বিকাশ ভবন, নবম তল
সল্টলেক, কলকাতা ৭০০৯১
৭ নভেম্বর, ২০০৩

(ডঃ প্রণব কুমার চট্টোপাধায়)
রাজ্য সম্পাদক
পশ্চিমবঙ্গ রাজ্য গেজেটিয়ারস
উচ্চশি(া বিভাগ পশ্চিমবঙ্গ সরকার

ভূমিকা

দীর্ঘ প্রতী(ার অবসানে মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার প্রকাশিত হ'ল। ঊনিশ শতকের শেষ দিকে ডব্লিউ. ডব্লিউ. হান্টারের সম্পাদনায় যখন 'এ স্ট্যাটিসটিক্যাল অ্যাকাউন্ট অব্ বেঙ্গল' শিরোনামে জেলা পরিচয় গ্রন্থমালা প্রকাশিত হয়, তার মূল উদ্দেশ্য ছিল ভারতে আগত সিভিল সার্ভেন্টদের কাছে জেলাগুলির সম্যক পরিচয় তুলে ধরা। প্রসঙ্গত, এ জেলার সংকলনটি নির্মাণের কাজে গু(ত্বপূর্ণ ভুমিকা ছিল তৎকালে বহরমপুরের ডেপুটি ম্যাজিস্ট্রেট, সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের। ১৯১১ সালের জনগণনার পর এল. এস. এস. ওম্যালির সম্পাদনায় প্রকাশিত হয় 'বেঙ্গল ডিস্ট্রিক্ট গেজেটিয়ার্স' নামে গ্রন্থমালা যা মূলত হান্টারকৃত সংস্করণের অনুসারী ছিল। ১৯৫১ সালের জনগণনার পর প্রতিটি 'ডিস্ট্রিক্ট হ্যান্ডবুক' - এ সম্পাদক অশোক মিত্র যুক্ত(করেছিলেন অসামান্য ভুমিকা যা নিঃসন্দেহে গেজেটিয়ার প্রতিম। এর প্রায় দু'দশক পরে প্রকাশিত হয় 'ওয়েস্ট বেঙ্গল ডিস্ট্রিক্ট গেজেটিয়ার্স', যার মুর্শিদাবাদ খন্ডটির প্রকাশ কাল ১৯৭৯ সাল। হান্টারের সময় থেকে প্রায় ১৩০ বছর এবং সর্বশেষ গেজেটিয়ারের থেকেও প্রায় তিনদশক অতিত্র(ান্ত হয়েছে। ঐতিহাসিক, ভৌগোলিক, রাজনৈতিক, সামাজিক ও জনজীবনের প্রধান ধারাগুলি এর মধ্যে আমূল পরিবর্তিত হয়েছে। পরিবর্তিত পরিস্থিতিতে বিভিন্ন স্তরে দীর্ঘকাল যাবৎ নতুন জেলা পরিচয় গ্রন্থ রচনার প্রয়োজন অনুভূত হয়েছে ।

২০০০ সালের জুলাই মাসে প্রেসিডেন্সী বিভাগের তৎকালীন কমিশনার শ্রী প্রদীপ ভট্টাচার্যের পরামর্শে ও অনুপ্রেরণায় বাংলা ভাষায় মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার সংকলনের কাজ শু(হয়। ২০০০ সালের সেপ্টেম্বর মাসের প্রলয়ংকর বন্যার জন্য সংকলনের কাজ সাময়িকভাবে স্থগিত থাকলেও ঐ বছরের ডিসেম্বর মাস থেকে পুরোদমে কাজ করে পূর্ণাঙ্গ পান্ডুলিপি ওয়েস্ট বেঙ্গল ডিস্ট্রিক্ট গেজেটিয়ার্স-এর রাজ্য সম্পাদকের কাছে পাঠানো হয় ২০০১ সালের আগস্ট মাসে।

বাংলা ভাষায় জেলা গেজেটিয়ার সংকলনের জন্য তৎকালীন জেলাশাসক শ্রী বিবেক কুমার এ জেলার বিশিষ্ট বুদ্ধিজীবী তথা জেলা চর্চার সঙ্গে দীর্ঘদিন যাবৎ যুক্ত(ব্যক্তি(ত্ব ও প্রশাসনিক আধিকারিকদের নিয়ে গঠন করেছিলেন উপদেষ্টামন্ডলী। দ্রুততার সঙ্গে তাঁরা প্রস্তুত করেন জেলা গেজেটিয়ারের প্রাথমিক কাঠামো। তার ভিত্তিতে একদিকে বিভিন্ন দপ্তর থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের কাজ শু(হয়। অন্যদিকে, মুর্শিদাবাদের ঐতিহ্যপূর্ণ জেলা চর্চার ধারাকে যাঁরা এখনও সঞ্জীবিত রেখেছেন, তাঁদের মধ্য থেকে নির্বাচিত হয় লেখক মন্ডলী। এদের সকলের ঐকান্তিক আগ্রহ ও সত্রি(য় সহযোগিতায় সংকলনটির পূর্ণাঙ্গ পান্ডুলিপি প্রণয়ন করা সম্ভব হয়েছিল।

ইতিমধ্যে দু'বছর অতিত্র(ান্ত হয়েছে। এ ধরণের সংকলনের বৃহদংশ জুড়ে থাকে তথ্য ও সংখ্যাতত্ত্বভিত্তিক আলোচনা ও বি(ে-ষণ। ফলে বিলম্বিত প্রকাশনা আলোচনা ও বি(ে-ষণকে ত্র(মশ অপ্রাসঙ্গিক করে তুলবে এমন সম্ভাবনা থেকেই যায়। তা ছাড়া ২০০১ সালের জনগণনার তথ্যাবলীর প্রকাশের ফলে তথ্যভিত্তিতেও আমূল পরিবর্তন আসে। এই সবদিক বিবেচনা করে, সংকলন-কাজের সাথে যুক্ত(জেলার বুদ্ধিজীবীদের স্পর্শকাতরতাকে সম্মান দিয়ে, সাম্প্রতিক তথ্যের ভিত্তিতে পূর্বতন পান্ডুলিপির আমূল পরিমার্জনা করে জেলাস্তরে তা প্রকাশনার সিদ্ধান্ত নেওয়া হয়। তারই ফসল মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার।

মাননীয় শ্রী প্রদীপ ভট্টাচার্য ধারাবাহিক ভাবে গেজেটিয়ার প্রকাশনার অগ্রগতির বিষয়ে খোঁজখবর নিয়েছেন, প্রকাশনাটিকে সর্বাঙ্গ সুন্দর করার জন্য প্রতিনিয়ত পরামর্শ দিয়েছেন। বাংলা ভাষায় জেলা গেজেটিয়ার প্রকাশের প্রাথমিক পরিকল্পনা থেকে শু(করে প্রকাশনার সর্বশেষ স্তর পর্যন্ত তাঁর ভাবনা, উদ্যোগ ও পরামর্শ আমাদের অনুপ্রাণিতকরেছে। শ্রী ভট্টাচার্যের কাছে মুর্শিদাবাদ জেলার ঋণ অপরিশোধ্য।

যে লেখকমন্ডলী পরিশ্রমসাধ্য রচনাগুলির মাধ্যমে গেজেটিয়ারকে সমৃদ্ধ করেছেন তাঁদের সবিশেষ ধন্যবাদ জানাই। মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার প্রকাশনার জন্য গঠিত উপদেষ্টামন্ডলীর সকল সদস্য জেলা গেজেটিয়ারের কাঠামো নির্মাণ, লেখক নির্বাচন, সহায়ক গ্রন্থ ও নিবন্ধ সংগ্রহ ও প্রাথমিক সম্পাদনাকালে যে নিষ্ঠা ও শ্রমের নিদর্শন রেখেছেন তা কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি। তাদের সুপরামর্শ ও সত্রি(য় অংশগ্রহণ ছাড়া এই ব্যতিত্র(মী প্রয়াস সফল হ'ত না। উপদেষ্টামন্ডলীর সদস্যদের মধ্যে শ্রী বিজয় কুমার বন্দোপাধ্যায়ের অবদান পৃথক উল্লেখের দাবি রাখে। চূড়ান্ত সম্পাদনার পর্বে দীর্ঘ প্রায় পাঁচ মাস প্রতিদিন কয়েকঘন্টা তিনি অনলস পরিশ্রম করে গ্রন্থনা ও পরিমার্জনার গু(দায়িত্ব পালন করেছেন। প্রবীণ বয়সে তাঁর এই কর্মোদ্যোগ কেবল জেলা গেজেটিয়ার প্রকাশকেই সম্ভব করেছে তা নয়, তা আমাদের ভবিষৎ কর্মের প্রেরণাস্থলও হয়ে উঠেছে।

গত তিন বছর ধরে জেলার দপ্তরগুলি ও বুদ্ধিজীবীদের সাথে যোগসূত্র স্থাপনের মাধ্যমে গেজেটিয়ারের তথ্য ও রচনা সংগ্রহের কাজ সুচা(ভাবে সম্পন্ন করেছেন আমার দপ্তরের আধিকারিক শ্রী সৌমিত্রশংকর সেনগুপ্ত। প্রশাসনিক বোধ ও বৌদ্ধিক উৎকর্ষের সম্মেলন ঘটিয়ে পূর্বসুরী সমস্ত প্রকাশনার তুলনায় এই জেলা গেজেটিয়ারকে ভিন্নমাত্রা দানে তাঁর অবদান অপরিসীম। চূড়ান্ত সম্পাদনার পর্বে নিরলস পরিশ্রম করে পরিমার্জনা ও সম্পাদনায় সহযোগিতা করেছেন জেলাচর্চায় নিবেদিতপ্রাণ ত(ণ প্রাবন্ধিক ও রাণীনগর -১ ব্লকের সমবায় পরিদর্শক শ্রী প্রকাশ দাস বিশ্বাস। জেলা গেজেটিয়ারে প্রকাশিত তথ্য ও বি(-ষণকে যথাসম্ভব নির্ভুল করে তুলতে শ্রী দাস বিশ্বাসের অবদান অনস্বীকার্য।

জেলা গেজেটিয়ার প্রকাশনার বিভিন্ন পর্বে সাহায্য ও সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে মুর্শিদাবাদ ৩০০ উদযাপন কমিটি ও তার সদস্যবৃন্দ। বহরমপুর শহরের প্রতিষ্ঠান ইতিহাস পরিত্র(মাও পুস্তক ও প্রযুক্তি(গত সহায়তা দিয়ে আমাদের ধন্যবাদার্হ হয়েছেন। জেলার প্রতিটি সরকারী দপ্তর সহায়তা করলেও বিশেষ ভাবে উল্লেখ করতে হয় ব্যুরো অব্ অ্যাপ-ায়েড ইকনমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিকস-এর সহ অধিকর্তা শ্রী সুভাষ কুমার (দ্র, জেলা জনগণনা আধিকারিক শ্রী জ্যোতিষ্মান চট্টোপাধ্যায় ও সমবায় সমিতি সমূহের সহকারী নিয়ামক শ্রী বিজয় হালদারের নাম। সমাহর্তালয়ের নেজারত দপ্তর, জনগণনা দপ্তর, গ্রন্থাগার দপ্তর ও মুর্শিদাবাদ জেলা সার্বিক সা(রতা প্রসার সমিতির কর্মচারীবৃন্দেরও ধন্যবাদ অবশ্যপ্রাপ্য।

পরিশেষে ধন্যবাদ জানাই ওয়েস্ট বেঙ্গল ডিস্ট্রিক্ট গেজেটিয়ারস্ এর স্টেট এডিটর ডঃ প্রণব কুমার চট্টোপাধ্যায়কে। যৌথ উদ্যোগে গেজেটিয়ার প্রকাশনা শ্রী চট্টোপাধ্যায়েরই ভাবনা প্রসূত। তিনি কেবল জেলার প্রয়াসকে প্রাপ্য মর্যাদা দিয়েছেন তাই নয়, একটি মূল্যবান মুখবন্ধ লিখে প্রকাশনাটিকে সমৃদ্ধও করেছেন।

জেলার সর্বশেষ গেজেটিয়ারের পান্ডুলিপি প্রস্তুত হয়েছিল ১৯৭৪ সালে এবং তা প্রকাশিত হয়েছিল ১৯৭৯ সালে। ফলে এধরণের সংকলনের অভাব গবেষক ও প্রশাসকেরা দীর্ঘদিন যাবৎ অনুভব করছিলেন তা বলাই বাহুল্য। দ্বিতীয়তঃ এই কালপর্বে জনজীবন, অর্থনীতি, বিভিন্ন স্তরের প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক কাঠামোতেও ব্যাপক পরিবর্তন এসেছে। এই প্রকাশনা জনজীবন চর্চার নতুন রূপটিকে তুলে ধরবে এবং দীর্ঘদিনের অভাব পূরণ করবে এ বিশ্বাস আমার আছে।

মনোজ পন্ত
জেলাশাসক মুর্শিদাবাদ

গ্রন্থনা প্রসঙ্গে

স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট, স্ট্যাটিসটিক্যাল অ্যাকাউন্ট, গেজেটিয়ার ইত্যাদি বিভিন্ন নামের জেলা পরিচয় গ্রন্থমালার উত্তরসূরী মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার। পূর্বোক্ত(প্রতিটি গ্রন্থ ইংরাজী ভাষায় লেখা। বাংলাভাষায় এই ধরণের গ্রন্থের প্রয়োজনীয়তা এবং সরকারী কাজে বাংলাভাষা ব্যবহারের প্রয়াস এই দ্বিবিধ উদ্দেশ্য পূরণের জন্য মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার সংকলিত হয়েছে বাংলা ভাষায়। বাংলাদেশে অনেকগুলি জেলা গেজেটিয়ার বাংলা ভাষাতেই প্রকাশিত হলেও পশ্চিমবঙ্গে বাংলাভাষায় পূর্ণাঙ্গ জেলা গেজেটিয়ার ইতিপূর্বে প্রকাশিত হয়নি।

এই সংকলন প্রসঙ্গে আলোচনায় প্রথমেই উল্লেখ করতে হয় পূর্বসূরী গ্রন্থমালার নাম। সদ্য অধিকৃত দেশ শাসনের প্রয়োজনে কোম্পানী কর্মচারীদের হাতবই হিসাবে রচিত হয়েছিল হ্যামিলট্নের ইস্ট ইন্ডিয়া গেজেটিয়ার। উনিশ শতকের মাঝামাঝি প্রতিটি জেলার রাজস্ব সমী(ার প্রতিবেদন প্রকাশিত হয়। এয়োদশ রেজিমেন্ট নেটিভ ইনফ্যানট্রির রেভিনিউ সার্ভেয়ার ক্যাপ্টেন জে. ই. গ্যাসট্রেলের পরিচালনায় মুর্শিদাবাদে রাজস্ব সমী(া হয় ১৮৫২-৫৫ সালে এবং গ্যাসট্রেলের প্রতিবেদন 'স্ট্যাটিসটিক্যাল অ্যান্ড জিওগ্রাফিক্যাল রিপোর্ট অব্ দি মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট' তৎকালীন ডেপুটি সার্ভেয়ার জেনারেল মেজর এইচ্. এল. থুইলিয়র বাংলা সরকারের সচিবের কাছে পেশ করেন ১৮৬০ সালের ১৭ই আগষ্ট। তৎকালীন মুর্শিদাবাদ জেলার ভূপ্রকৃতি, নদনদী, প্রশাসনিক বিভাগ, আইন ও বিচার ব্যবস্থা, গ্রাম ও শহরের সং(িপ্ত পরিচয় বিধৃত ছিল সেই প্রতিবেদনে। বোর্ড অব্ রেভিনিউ এর ২১. ১. ১৮৭৩ সালের ৪৩/ এ নম্বর আদেশানুযায়ী ১৮৭৩-৭৪ সালে থানাভিত্তিক তথ্য সংগ্রহ করে প্রকাশিত হতে থাকে স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট। আর.ডি.হাইমের নামে প্রকাশিত ঐ প্রতিবেদনগুলির মধ্যে অন্যতম ছিল, তৎকালীন বীরভূম জেলার অন্তর্ভুক্ত(, বড়এ(া থানার প্রতিবেদন। জমিদারী কাছারী গুলিতে রি(িত দলিল ও নথীপত্রের গ্রহণযোগ্যতা সন্দেহাতীত না হওয়ায় এক একটি থানা অঞ্চলের প্রতিটি মৌজায় পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান করে স্ট্যাটিসটিক্যাল রিপোর্টের তথ্য সংগ্রহ করা হয়েছিল। সম্ভবত ডব্লিউ. ডব্লিউ. হান্টারের সম্পাদনায় 'এ স্ট্যাটিসটিক্যাল অ্যাকাউন্ট অব্ বেঙ্গল' নামে সুবিখ্যাত জেলা পরিচয় গ্রন্থমালার তথ্য সংগ্রহ ও প্রকাশনার কাজ একই সময়ে শু(হওয়ায় অল্প কয়েকটি থানাভিত্তিক প্রতিবেদন প্রকাশের পর ঐ প্রয়াস আর অগ্রসর হয় নি। স্ট্যাটিসটিক্যাল অ্যাকাউন্টের নবম খন্ডে অন্তর্ভুক্ত(ছিল মুর্শিদাবাদ জেলা। প্রকাশিত হয় ১৮৭৬ সালে। তথ্য সংগ্রহকালে মুর্শিদাবাদে ডেপুটি ম্যাজিস্ট্রেট হিসাবে কর্মরত ছিলেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এবং জেলার তথ্য সংগ্রহ ও বি(ে-ষণে তাঁর গু(ত্বপূর্ণ ভূমিকা ছিল।

এই গ্রন্থে জেলার জনজীবনের রূপবৈচিত্র এত সুন্দর ভাবে ফুটে উঠেছে যে আজও জেলাচর্চায় আগ্রহী পাঠকের কাছে এই প্রকাশনাটির মূল্য অপরিসীম। প্রায় সমসময়েই হান্টারের সম্পাদনায় প্রকাশিত হয় ইম্পিরিয়াল গেজেটিয়ার অব্ ইন্ডিয়া। এই গ্রন্থমালার প্রে(াপট সর্বভারতীয় হওয়ায় প্রতিটি জেলার তথ্য এখানে সন্নিবিষ্ট ও আলোচিত হয়েছে খুবই সং(িপ্ত পরিধিতে। ১৯১১ সালের জনগণনার তথ্যের ভিত্তিতে এল.এস.এস. ওম্যালির সম্পাদনায় প্রকাশিত হয় বেঙ্গল ডিস্ট্রিক্ট গেজেটিয়ার নামের গ্রন্থমালা যার মুর্শিদাবাদ খন্ডের প্রকাশকাল ১৯১৪ সাল। ওম্যালি তাঁর গ্রন্থমালায় স্পষ্টতই অনুসরণ করেছিলেন হান্টারকে।

গত শতকের বিশ ও ত্রিশের দশকে যে ক্যাডাস্ট্র্যাল সার্ভে হয় তার প্রতিবেদন, বিজয়বিহারী মুখোপাধ্যায়ের 'ফাইনাল রিপোর্ট অন দি সার্ভে অ্যান্ড সেটল্মেন্ট অপারেশনস ইন দি ডিস্ট্রিক্ট অব্ মুর্শিদাবাদ' প্রকাশিত হয় ১৯৩৮ সালে। মুর্শিদাবাদের ভূমি ব্যবস্থায়, গ্রামের আভ্যন্তরীণ গঠন সহ জনজীবনের বিভিন্ন দিক আলোকিত হয় ঐ গ্রন্থটির বি(ে-ষণী আলোকপাতে।

স্বাধীনতার পর প্রথম জনগণনা হয় ১৯৫১ সালে। তৎকালীন জনগণনা অধী(ক শ্রী অশোক মিত্র প্রতিটি জেলার সেন্সাস হ্যান্ডবুকে যুক্ত(করেন বিস্তৃত ভূমিকা। একদিকে জনজীবন ও সংস্কৃতির ছবি অন্যদিকে সদ্যস্বাধীন একটি দেশের উজ্জীবনের স্বপ্ন এই গ্রন্থমালার তথ্য বি(ে-ষণে ফুটে উঠে তাকে বাংলার জনজীবন ও ইতিহাস চর্চার অমূল্য দলিল হিসাবে স্থায়ী প্রতিষ্ঠা দিয়েছে। জনজীবনচর্চার বৃহত্তর তাগিদে ঐ সময়কালেই অশোক মিত্রের সম্পাদনায় প্রকাশিত হয়

'পশ্চিমবঙ্গের পূজা পার্বন ও মেলা' যার ২য় খন্ডে বিধৃত এ জেলার গ্রাম পরিচয়, ঐতিহ্যসম্পন্ন পূজাপার্বন ও মেলার বর্ণনা।

গ্রন্থটির তথ্য সংগ্রহের জন্য কেবলমাত্র সরকারী আধা সরকারী তথ্যাবলীর ওপর নির্ভর না করে সুপরিকল্পিত ও সরল প্র(মালা পাঠানো হয় স্থানীয় শি(ক-শি(কা, পত্রিকা সম্পাদক, ক্লাব ও গ্রন্থাগারের সম্পাদক, ডাকবিভাগের পিওন ইত্যাদি মানুষদের কাছে এবং এ ভাবে সংগৃহীত তথ্য গ্রামবিবরণী, উৎসব বিবরণী ও মেলা বিবরণী এই তিন ভাগে থানাভিত্তিক ভাবে সজ্জিত হয়। সরল ও বিশদ এই গ্রাম পরিচয় কিছু সীমাবদ্ধতা সত্বেও ভবিষ্যৎ গ্রাম সমী(া বা গ্রাম পরিচয় প্রয়াসগুলির পথিকৃৎ ও দিশারী একথা বললে অত্যুক্তি(হয় না।

১৯৬১ সালের সেন্সাস হ্যান্ডবুক-এও অশোক মিত্রকে অনুসরণ করে ভূমিকা ও তথ্য বি(-ষণ যুক্ত(করা হয়। ঐ হ্যান্ডবুকের জনবিন্যাসের বিভিন্ন দিকের বৈজ্ঞানিক বি(-ষণ বিশেষভাবে উল্লেখযোগ্য।

১৯৫১ সালের সেন্সাসে, অর্থাৎ অশোক মিত্র যখন সেন্সাস সুপারিনটেনডেন্ট ছিলেন তখন জীবিকাগত শ্রেণী বিভাজনের যে কাঠামো ছিল, ১৯৬১ সালের জনগণনার সময় তা পরিবর্তিত হয়। বিশেষত ১৯৫১ সালের জনগণনা কৃষির ওপর নির্ভরশীল জনসংখ্যাকে জমির মালিকানার ভিত্তিতে দশটি জীবিকাগত শেণীতে ভাগ করা হয়েছিল। এ ধরনের শ্রেণী বিভাজনের মাধ্যমে পরিবেশিত মৌজাভিত্তিক তথ্যে গ্রামাঞ্চলের অর্থনৈতিক শ্রেণী বিন্যাসের প্রকৃত চিত্র ফুটে উঠেছিল। কিন্তু ১৯৬১ সালে এবং তৎপরবর্তী কালের জনগণনাগুলিতে কর্মী ও অকর্মী জনসংখ্যার যে কাঠামো অনুসৃত হয় তা গ্রামাঞ্চলের আভ্যন্তরীণ অর্থনৈতিক শ্রেণীবিন্যাসের প্রকৃত চিত্র প্রতিফলিত করতে পারেনা। যাইহোক মুর্শিদাবাদের জেলাচর্চায় ১৯৬১ সালের সেন্সাস হ্যান্ডবুক একটি অপরিহার্য উপকরণ । বিশেষত মৌজা - গ্রাম সমীকরণের যান্ত্রিকতা থেকে সরে এসে বসতি গ্রামের পরিচয় দেওয়ার যে প্রয়াস এই হ্যান্ডবুকে দেখা যায় তা উল্লেখযোগ্য। এতে সংকলিত ডঃ নন্দদুলাল ভট্টাচার্যের 'এ স্টাডি ইন সেটল্‌মেন্ট জিওগ্রাফি ইন দি ডিস্ট্রিক্ট অব্ মুর্শিদাবাদ' নিবন্ধটি মুর্শিদাবাদের গ্রাম ও শহরের বসতি বিন্যাস, বসতির গঠন, আয়তন ও বিবর্তনের বৈজ্ঞানিক বি(-ষণে সমৃদ্ধ। মুর্শিদাবাদ শহর, বেলডাঙ্গার আধাশহর আধা গ্রাম বসতি, সালার, গোকর্ণ ও চক ইসলামপুর এই তিনটি গ্রামীণ বসতির আলোচনায় বসতিচর্চার যে কাঠামো শ্রী ভট্টাচার্য তৈরী করেছেন তা অনুসরণ যোগ্য।

১৯৭৯ সালে প্রকাশিত হয় ওয়েস্ট বেঙ্গল ডিস্ট্রিক্ট গেজেটিয়ার্স, মুর্শিদাবাদ। এর তথ্য সংগ্রহ ও খসড়া প্রস্তুত হয়েছে ১৯৭৪ সালে। এই সংকলনটিতে গেজেটিয়ারের কাঠামো নতুনভাবে বিন্যস্ত করা হয়। গেজেটিয়ার বা সমজাতীয় গ্রন্থমালা প্রকাশনার ধারায় ঐটিই সর্বশেষ সংযোজন।

এ ধরণের সংগঠিত সরকারী উদ্যোগ প্রসূত জেলা পরিচয় গ্রন্থমালার পাশাপাশি মুর্শিদাবাদ জেলাতে আঞ্চলিক চর্চা বা জেলাচর্চার প্রয়াস দীর্ঘকাল যাবৎ স্বতোৎসারিত ধারায় প্রবহমান। সম্ভবত সর্বত্রই আঞ্চলিক চর্চার সূচনা হয় ইতিহাস অনুসন্ধানের মধ্য দিয়ে। এই চর্চা ব্যক্তি(গত আগ্রহের ফসল এবং কখনোই তা সচেতন জেলাচর্চার পর্যায়ভুক্ত(নয়। মুর্শিদাবাদও তার ব্যতিত্র(ম নয়। গোয়াসে কর্মরত শ্যামধন মুখোপাধ্যায়ের 'মুরশিদাবাদের ইতিহাস' কেবল মুর্শিদাবাদ নয়, বাংলার প্রথম আঞ্চলিক ইতিহাস। এই ধারার উত্তরসুরী নিখিল নাথ রায়ের 'মুর্শিদাবাদ কাহিনী' ও মুর্শিদাবাদের ইতিহাস' এবং পাঁচথুপির শ্রীশ চন্দ্র চট্টোপাধ্যায়ের 'মুর্শিদাবাদ কথা' । ইংরাজি ভাষায় দুটি গ্রন্থও এই ধারারই ফসল - মেজর টুল ওয়াল্‌স এর হিসট্রি অব মুর্শিদাবাদ এবং পি.সি. মজুমদারের 'মসনদ অব মুর্শিদাবাদ'। সচেতন ও সংগঠিত ইতিহাস চর্চায় মুর্শিদাবাদ যুক্ত(হয় যে গ্রন্থটির প্রকাশনার মধ্যে দিয়ে সেটি হ'ল অমিয় কুমার বন্দ্যোপাধ্যায়ের সম্পাদনায় প্রকাশিত পশ্চিমবঙ্গের পুরাসম্পদ গ্রন্থমালার অন্তর্ভুক্ত(বিজয় কুমার বন্দ্যোপাধ্যায়ের 'পশ্চিমবঙ্গের পুরাসম্পদ, মুর্শিদাবাদ'।

প্রসঙ্গত উল্লেখ করতে হবে জেলার ইতিহাস, অর্থনীতি , রাজনীতি ইত্যাদি বিবিধ বিষয় নিয়ে প্রথাগত গবেষণাগুলির কথাও। একটি প্রথাবদ্ধ, সুপরিকল্পিত প্রাতিষ্ঠানিক গবেষণা দেশ ও বিদেশের বিভিন্ন সূত্র থেকে তথ্য আহরণের মাধ্যমে জেলাবিষায়ক তথ্য ভান্ডারকে ব্যাপক ও বিস্তৃত করে এবং ভবিষ্যতের জেলাভাবনা ও জেলাচর্চায় ইন্ধন যোগায়। মুর্শিদাবাদ কেন্দ্রিক গবেষণায় যাদের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য তাঁরা হলেন খান মহম্মদ মহসীন, আব্দুল করিম, এন.ডি.ভট্টাচার্য, সোমেন্দ্র চন্দ্র নন্দী প্রমুখ। এই তালিকায় নিত্য নতুন নাম ত্র(মশ সংযোজিত হয়ে চলেছে।

জেলা চর্চার আর একটি সচেতন ধারার প্রয়াস দেখা যায় জেলার গ্রাম সমী(া বা গ্রাম পরিচয় তুলে ধরার মধ্যে দিয়ে। জেলাতে এর সূচনা চিহ্নি(ত করা যায় ১৯১১-১৪ সালে। সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত(থাকার সুবাদে প্রখ্যাত সমাজবিজ্ঞানী

রাধাকমল মুখোপাধ্যায় বহরমপুর সন্নিহিত কয়েকটি গ্রামে বাংলা প্রশ্নমালার সাহায্যে আর্থ -সামাজিক সমী(া চালিয়েছিলেন। কেবল মুর্শিদাবাদের গ্রামচর্চায় নয়, বাংলাদেশের সমাজ গবেষণার (েত্রেই রাধাকমল প্রযুক্ত(সমী(া পদ্ধতি নবদিগন্ত উন্মোচন করেছিল। পরবর্তীকালে অশোক মিত্র গ্রাম, উৎসব ও জেলার বিবরণ সংগ্রহেও যে প্রশ্নোত্তর পদ্ধতি ব্যবহার করেন, তা আগেই আলোচিত হয়েছে। মনীশ ঘটক পরবর্তী কালে মহাশ্বেতা দেবী সম্পাদিত 'বর্তিকা' পত্রিকায় প্রশ্নমালার ভিত্তিতে গ্রামবাসীদের কাছ থেকে উঠে আসা মুর্শিদাবাদের গ্রামের ছবি, গ্রামজীবনের সামাজিক বৈষম্য, বঞ্চনা, পশ্চাদপদতা সম্পর্কে 'সমী(াধর্মী গদ্য' প্রকাশনার মধ্য দিয়ে ফুটে ওঠে। 'বর্তিকা' মুর্শিদাবাদের গ্রামজীবনে যে আলোকপাত করে যেন তারই বর্ণালী বিচ্ছুরণ ঘটে প্রাণরঞ্জন চৌধুরী সম্পাদিত 'গণকণ্ঠ' পত্রিকার গ্রাম চর্চায়। জেলার বহু গ্রামের বাস্তব পরিচিতি যেমন প্রতিফলিত হয় পূর্বনির্ধারিত প্রশ্নমালার ভিত্তিতে, তেমনই 'গণকণ্ঠে'র গ্রাম পরিচয় রচনার মধ্য দিয়ে আবিস্কৃত হয় জেলা চর্চায় আগ্রহী এক দল ত(ণ প্রাবন্ধিক। গ্রাম পরিচয়ের এই ধারা অনুসৃত হয় 'ঝড়', 'মুর্শিদাবাদ সন্দেশ' প্রভৃতি পত্রিকাতেও।

প্রকৃতপ(ে পঞ্চাশের দশক থেকেই বালার্ক, বালুচর, কান্দী বান্ধব, বর্তিকা ইত্যাদি পত্রিকায় বিচ্ছিন্ন ভাবে জেলার বিভিন্ন বিষয় নিয়ে প্রবন্ধ প্রকাশিত হলেও জেলাচর্চার বিচ্ছিন্ন আগ্রহ ও উদ্যোগগুলি সংহত হতে থাকে আশির দশকের শু(থেকেই গণকণ্ঠ, জনমত, মুর্শিদাবাদ বী(ণ ইত্যাদি পত্রিকাকে ঘিরে। গণকণ্ঠ পত্রিকার প্রতিটি বার্ষিক সংখ্যা মুর্শিদাবাদ চর্চায় নিবেদিত হয়ে গত কুড়ি বছরে জেলা চর্চার এক বিশাল আকর গড়ে তুলেছে। পরবর্তীকালে মুর্শিদাবাদ বী(ণ মুর্শিদাবাদের জনজীবনের বিভিন্ন দিককে এক একটি বিশেষ সংখ্যায় তুলে ধরে।

গত তিন দশকে রাজনৈতিক, সামাজিক ও জনজীবনের প্রধান ধারাগুলিতে ব্যাপক পরিবর্তন এসেছে। সেই পরিবর্তনকে রূপায়িত করতে পূর্বসূরী গ্রন্থগুলির বিষয় বিন্যাস কাঠামো পাল্টাতে হয়। জেলা গেজেটিয়ার প্রকাশের জন্য জেলা প্রশাসন যে উপদেষ্টামন্ডলী তৈরী করেছিলেন তাঁরা নতুন বিষয়বিন্যাস কাঠামো নির্মাণ করেন।

১৯৭৮ সালে পশ্চিমবঙ্গে প্রথম ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন হয়। ২০০৩ সালে হয় ষষ্ঠ পঞ্চায়েত সাধারণ নির্বাচন। এই ২৫ বছর সময়কালে রাজ্যের গ্রামাঞ্চলে পঞ্চায়েতিরাজ ব্যবস্থার শিকড় দৃঢ়মূল হয়েছে। এই সময়কালেই ভূমিব্যবস্থা ও ভূমি সম্পর্কে ব্যাপক পরিবর্তন আসে। ১৯৫৩ সালের জমিদারী অধিগ্রহণ আইন ও ১৯৫৫ সালের ভূমিসংস্কার আইনের মাধ্যমে ভূমিব্যবস্থার আইনগত সংস্কার হলেও তার ব্যাপক প্রয়োগ হয় দুটি কালপর্বে - গত শতকের ষাট দশকের শেষভাগে এবং ১৯৭৭ উত্তর কালপর্বে। পরিবেশ চেতনা, নারীর অবস্থা ও মর্যাদা ইত্যাদি বিষয় জনজীবন চর্চার অন্যতম প্রধান উপাদান হয়ে উঠেছে এই কালপর্বেই। ফলে এই বিষয়গুলিকে যথোপযুক্ত(গু(ত্ব দিয়ে সন্নিবিষ্ট করা হয়েছে এই সংকলনে। একটি জেলার জনজীবনকে চিনতে হলে যেমন অনুধাবন করতে হয় তার অর্থনীতি কৃষিজীবন, বসতি বিন্যাস, ভাষা, খাদ্যাভ্যাস, তেমনই জনজীবন চর্চার অপরিহার্য উপাদান তার সাহিত্যচর্চা, নাট্য ও সঙ্গীতচর্চা এবং লোক সংস্কৃতির পরিচয় উপলব্ধি করা। অংসখ্য ছোট বড় গোষ্ঠীর উদ্যোগ এবং অগণিত মানুষের ব্যক্তি(গত উদ্যোগ ও সাধনার মধ্য দিয়ে পল্লবিত হয় সংস্কৃতি চর্চার ধারা। সরকারী দপ্তরে এবিষয়ে পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও র(ণাবে(ণের সুযোগ ও সম্ভাবনা যে সীমাবদ্ধ তা বলা বাহুল্য। আবার জনজীবনের এই গু(ত্বপূর্ণ উপাদানটিকে বাদ দিলে জনজীবনের সম্পূর্ণ ছবিটিকে ফুটিয়ে তোলাও যায় না। ফলে এই সংকলনে সংস্কৃতি চর্চার বিষয়ে তথ্য সংগ্রহ ও রচনার জন্য সম্পূর্ণভাবেই নির্ভর করা হয়েছে এই চর্চায় নিবেদিতপ্রাণ সাংস্কৃতিক ব্যক্তি(ত্বদের ওপরে। প্রথাগতভাবে তথ্য সংগ্রহের কাঠামোর বহির্ভূত হওয়ায় এই আলোচনাগুলিতে কোন উল্লেখযোগ্য ব্যক্তি(বা গোষ্ঠীর নাম বাদ পড়ে যাওয়া অসম্ভব নয়। এ ধরণের অনভিপ্রেত ও অনিচ্ছাকৃত অনুল্লেখের জন্য অগ্রিম মার্জনা ভি(া করা হচ্ছে।

একদিকে সরকারী স্তরে জেলা পরিচয় গ্রন্থমালা প্রণয়ন ও প্রকাশের দীর্ঘকালের ঐতিহ্য, অন্যদিকে মুর্শিদাবাদের জেলাচর্চার ঐতিহ্য ও শক্তি(র সম্মেলন ঘটানোর প্রয়াসের ফসল মুর্শিদাবাদ জেলা গেজেটিয়ার। সেই অর্থে এটি একটি ব্যতিত্র(মী প্রয়াসও। সম্ভবত ইতিপূর্বে কখনও জেলাস্তরে এমন আগ্রহ, উদ্দীপনা ও জেলাচর্চায় যুক্ত(মানুষদের অংশগ্রহণের মধ্যে দিয়ে গেজেটিয়ার সম্পাদিত হয় নি। বাংলা বানানের (েত্রে কোন নির্দিষ্ট বানান বিধি এখানে অনুসৃত হয়নি। সুপরিচিত এবং প্রচলিত বানানই এখানে ব্যবহৃত হয়েছে। বিভিন্ন অংশ বিভিন্ন ব্যক্তি(র লেখা হওয়ায় বানানের সমতা র(া ছিল যথেষ্ট কঠিন। তবুও যথাসাধ্য বানানের সমতা বিধানের চেষ্টা করা হয়েছে।

আন্তরিক প্রচেষ্টা সত্বেও কোনো কোনো অধ্যায়ে কিছু অপূর্ণতা থেকে গেছে। তবু আশা করা যায় জেলার প্রশাসক ও গবেষকদের চাহিদা পূরণে গেজেটিয়ার সফল হবে এবং ভবিষ্যৎ জেলাচর্চাকেও এই প্রকাশনা উৎসাহিত করবে।